# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১১৪১

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. নামাযে উচ্চস্বরে বিসমিল্লাহির রহমানির রাহীম পড়া ওয়াজিব এবং এ সম্পর্কে হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ وُجُوبِ قِرَاءَةِ ( بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ) فِي الصَّلَاةِ ، وَالْجَهْرِ بِهَا ، وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِي ذَلِكَ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، ثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الْحَكَمِ ، حَدَّثَنَا أَبِي ، وَشُعَيْبُ بْنُ اللَّيْثِ ، قَالَا : أَخْبَرَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ ، عَنْ خَالِدِ بْنِ يَزِيدَ ، عَنْ سَعِيدِ بْنِ أَبِي هِلَالٍ ، عَنْ نُعَيْمٍ الْمُجْمِرِ ، قَالَ : صَلَّيْتُ وَرَاءَ أَبِي هُرَيْرَةَ ، فَقَرَأَ : ( بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ) ، ثُمَّ قَرَأَ بِأُمِّ الْقُرْآنِ حَتَّى بَلَغَ : ( غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ ، وَلَا الضَّالِّينَ ) ، قَالَ : آمِينَ ، وَقَالَ النَّاسُ : آمِينَ ، وَيَقُولُ كُلَّمَا سَجَدَ : " اللَّهُ أَكْبَرُ " وَإِذَا قَامَ مِنَ الْجُلُوسِ مِنِ اثْنَتَيْنِ ، قَالَ : " اللَّهُ أَكْبَرُ " ثُمَّ يَقُولُ إِذَا سَلَّمَ : وَالَّذِي نَفْسِي بِيَدِهِ ، إِنِّي لَأَشْبَهُكُمْ صَلَاةً بِرَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ . وَهَذَا صَحِيحٌ ، وَرُوَاتُهُ كُلُّهُمْ ثِقَاتٌ

বাংলা

১১৪১(১৪). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... নুআইম আল-মুজমির (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আবু হুরায়রা (রাঃ)-এর সাথে নামায পড়েছি। তিনি বিসমিল্লাহির রহমানির রাহীম পড়লেন, অতঃপর সূরা আল-ফাতিহা পড়লেন। শেষে তিনি গাইরিল মাগদুবি আলাইহিম ওয়ালাদ-দোয়াল্লীন পর্যন্ত পৌঁছে বলেন, “আমীন’, লোকজনও 'আমীন’ বলল। তিনি যখনই সিজদা করেছেন তখনই আল্লাহু আকবার বলেছেন। তিনি দ্বিতীয় রাকআতে বৈঠক থেকে উঠতেও আল্লাহু আকবার বলেছেন। সালাম ফিরানোর পর তিনি বলেন, সেই মহান সত্তার শপথ যার হাতে আমার জীবন! আমার নামায তোমাদের তুলনায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নামাযের সাথে অধিক সাদৃশ্যপূর্ণ। এই হাদীস সহীহ এবং এর সমস্ত রাবী নির্ভরযোগ্য ।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ নু'আয়ম মুজমির (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80930

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন